The Bangladesh Monitor - A Premier Travel Publication

# ওমরাহ ভিসার মেয়াদ কমালো সৌদি সরকার

- A Monitor Desk Report Date: 01 November, 2025



**ঢাকাঃ সৌদি আরবে ওমরাহ পালনে নতুন কিছু বিধি জারি করেছে দেশটির সরকার।**

**এখন থেকে ওমরাহ ভিসার মেয়াদ ৩ থেকে কমিয়ে ১মাসে আনা হবে। পরের সপ্তাহেই নতুন সিদ্ধান্ত কার্যকর হতে যাচ্ছে। দেশটির হজ ও ওমরাহ মন্ত্রণালয়ের বরাতে শুক্রবার (৩১ অক্টোবর) সংবাদমাধ্যম এ খবর জানিয়েছে।**

সংবাদমাধ্যমের প্রতিবেদনে বলা হয়, ওমরাহ ভিসার সংশোধিত নিয়ম অনুযায়ী, ইস্যু হওয়ার ৩০ দিনের মধ্যে যদি কোনও ব্যক্তি সৌদি আরবে প্রবেশের জন্য নাম নথিভুক্ত না করেন, তাহলে ভিসাটি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে। ভিসা ব্যবস্থাপনা সহজতর করা ও তীর্থযাত্রীদের প্রবেশ প্রক্রিয়া সহজ করার জন্য এই পদক্ষেপ নেয়া হয়েছে।

এক বিবৃতিতে বলা হয়, ওমরাহযাত্রীদের জন্য প্রক্রিয়া সহজ করা ও সেবার পরিধি বৃদ্ধি প্রচেষ্টার অংশ হিসেবে এই সিদ্ধান্ত নেয়া হয়েছে। এটি সৌদি ভিশন ২০৩০-এর লক্ষ্য বাস্তবায়নের একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

তবে হজ করতে সৌদি আরবে পৌঁছানোর পর সেখানে থাকার মেয়াদ আগের মতই ৩ মাস থাকবে। এতে কোনও পরিবর্তন হবে না।

ন্যাশনাল কমিটি ফর ওমরাহ অ্যান্ড ভিজিটের উপদেষ্টা আহমেদ বাজাইফার বলেন, ওমরাহ পালনকারীর চাপ সামলানোর জন্য মন্ত্রণালয়ের প্রস্তুতির অংশ হিসেবে এই সিদ্ধান্ত নেয়া হয়েছে। বিশেষ করে গ্রীষ্মের মৌসুম শেষ হওয়া ও মক্কা ও মদিনায় তাপমাত্রা কমার পর ওমরাহ যাত্রীদের ভিড় বাড়তে পারে বলে ধারণা করা হচ্ছে।

উল্লেখ্য, চলতি মাসের শুরুর দিকে সৌদির হজ ও ওমরাহ মন্ত্রণালয় জানিয়েছিল, সৌদি আরবের যে কোনও ধরনের ভিসাধারী এখন থেকে পবিত্র ওমরাহ পালন করতে পারবেন।

মন্ত্রণালয় জানায়, ব্যক্তিগত ও পারিবারিক ভিজিট ভিসা, ই-ট্যুরিস্ট ভিসা, ট্রানজিট ভিসা, কাজের ভিসাসহ অন্যান্য ভিসাধারীরাও এখন থেকে ওমরাহ পালন করতে পারবেন।

-B